

একুশের ডাক মানুষের দাবি
পশ্চিমবঙ্গের জনগণের দাবিসনদ ২০২১

নাগরিক কনভেনশন
৮ ফেব্রুয়ারি, বেলা ৩ টে, মৌলালি যুবকেন্দ্র

আহ্বানপত্র

আমাদের এই রাজ্য এবং গোটা দেশ আজ এক গভীর সংকটের মধ্যে।
করোনা অতিমারি ও লকডাউনের আঘাতে দেশ এখনও বিপর্যস্ত। অর্থনীতি গভীর সংকটে,
কিন্তু কেন্দ্র সরকার এই সংকটে ক্রমাগত সুযোগ খুঁজে চলেছে আদানি-আম্বানির মতো বড়
কোম্পানিদের সম্পত্তি বাড়ানোর জন্য। এই কোম্পানি রাজত্ব কায়ম করার জন্য আসছে নতুন
কৃষি আইন, শ্রম কোড, শিক্ষা নীতি। আর এর বিরুদ্ধে জনগণের আন্দোলনকে দমন করার
জন্য গণতন্ত্রের গলা টিপে চাপিয়ে দেওয়া হচ্ছে পুলিশি রাজ। অন্যদিকে সিএএ ২০০৩ এবং
সিএএ ২০১৯-এর মাধ্যমে এনআরসি-এনপিআরকে হাতিয়ার করে বোনা হচ্ছে পূর্ব বঙ্গের
উদ্বাস্ত, দলিত, আদিবাসী, সংখ্যালঘুদের বেনাগরিক করে দেওয়ার চক্রান্তের জাল। অন্যদিকে
বিভিন্ন স্তরে দুর্নীতি ও গণতান্ত্রিক পরিসরকে খর্ব করার সাক্ষীও এ রাজ্য। ফলত কেন্দ্রের
বিপর্যয়কর নীতিগুলি থেকে বাংলার মানুষকে সুরাহা দেওয়ার কোনও কার্যকরি বিকল্প দিশা
দেখাতে রাজ্য সরকার ব্যর্থ।

এমনই পরিস্থিতিতে রাজ্যে নির্বাচনের সময় চলে এসেছে। বাংলা দখলের জন্য মরিয়া কেন্দ্রের
শাসক দল অন্য দল ভেঙে নিজের দল ভারী করে চলেছে। বাংলার মনীষীদের নিয়ে শুরু
হয়েছে ছেলেখেলা ও আত্মসাতের রাজনীতি। জনগণের জীবন জীবিকা ও গণতন্ত্রের মূল
প্রশ্নগুলোকে আড়াল করে সাম্প্রদায়িক বিদ্বেষ ও মিথ্যা প্রচারে মানুষকে মোহাচ্ছন্ন করে রাখার
চেষ্টা চলছে।

এই কঠিন পরিস্থিতিতে জনগণের দাবিসনদ সূত্রবদ্ধ করে পথে নামার যৌথ তাগিদ থেকে
আমরা আগামী ৮ ফেব্রুয়ারি বিকেল ৩টেয় কলকাতার মৌলালি যুব কেন্দ্রে এক নাগরিক
সম্মেলনের আয়োজন করেছি। আসুন, আমরা সবাই মিলে এই সম্মেলনকে ফলপ্রসূ করে
তুলি।

আহ্বায়ক:

কুমার রানা, কৌশিক সেন, দীপঙ্কর ভট্টাচার্য, মৌসুমী ভৌমিক, মেরুনা মুর্মু, অমিত ভাদুড়ি, তনিকা সরকার, গৌতম ভদ্র, কপিল কৃষ্ণ ঠাকুর, মনোরঞ্জন ব্যাপারি, সুজাত ভদ্র, শামিম আহমেদ, পূণ্যব্রত গুণ, অশোক বিশ্বনাথন, পার্থ ঘোষ, অনুরাধা দেব, অলিক চক্রবর্তী, অনুরাধা তলোয়ার, অভিজিৎ মজুমদার, শরদিন্দু উদ্দীপন, নব দত্ত, সঞ্জয় মুখোপাধ্যায়, সামিরুল ইসলাম, ফাদার ইরুধায়া জোথি এস জে, অর্জুন গৌরিসারিয়া, রণবীর সমাদ্দার, শুভজিৎ বাগচি, শতাব্দী দাশ, সাদিক হোসেন, মহাশ্বেতা সমাজদার, অজিত রায়, তামস মজুমদার, অনিন্দ্য ভট্টাচার্য, পাগান মুর্মু, অভিক সাহা, অভিজিৎ বসু, সুপ্রিয় চৌধুরী, সৌমিত্র ঘোষ, পল্লব কীর্তিনিয়া, সিদ্ধার্থ গুপ্ত, অনুপম রায়, তওফিক রিয়াজ, সাত্যকি হালদার, দেবপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, লাবণী জঙ্গী, বিশ্বজিৎ রায়, সমর বাগচী, উত্তান বন্দ্যোপাধ্যায়, নীতীশ রায়, অনিন্দিতা নাগ, সজল অধিকারী, অনলাভ বসু, দেবাশিস চক্রবর্তী, সনৎ রায়চৌধুরী, ইমানুল হক, সুমন সেনগুপ্ত, শাওন, প্রবীর গায়েন, অতনু চক্রবর্তী, আবু রিদা, তীর্থঙ্কর চন্দ।